



আন্তর্জাতিক বাজারে কমলো অপরিশোধিত তেলের দাম



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দামে সামান্য পতন দেখা দিয়েছে। চলতি বছর বিশ্বব্যাপী জ্বালানি চাহিদা কমতে পারে এমন পূর্বাভাস বিনিয়োগকারীদের মধ্যে প্রভাব ফেলায় সরবরাহ নিয়ে উদ্বেগের বিপরীতে তেলের বাজারে কিছুটা চাপ তৈরি হয়েছে।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) আন্তর্জাতিক বেঞ্চমার্ক ব্রেন্ট ক্রুডের দাম ১১ সেন্ট বা ০.১২ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৮৮.৮৭ ডলারে দাঁড়িয়েছে। এর মধ্য দিয়ে টানা ছয় কার্যদিবসের দর বৃদ্ধিতে সাময়িক ছেদ পড়েছে।

এদিকে যুক্তরাষ্ট্রের বেঞ্চমার্ক ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুডের দামও কমেছে। এদিন এর দাম ১৬ সেন্ট বা ০.১৯ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৮৩.১১ ডলারে লেনদেন হয়। টানা পাঁচ সেশনের উর্ধ্বগতির পর এটি ছিল ডব্লিউটিআইয়ের প্রথম দরপতন।

বাজার বিশ্লেষকদের মতে, চলতি বছরে বিশ্বজুড়ে অপরিশোধিত তেলের চাহিদা কতটা থাকবে, তা নিয়ে বিনিয়োগকারীদের নতুন করে হিসাব-নিকাশের কারণে দাম কিছুটা নেমেছে। চাহিদা কমার আশঙ্কা থাকায় বাজারে উর্ধ্বমুখী চাপও কিছুটা কমেছে।

তবে তেলের বাজারে পুরোপুরি স্থিতি ফেরেনি। হরমুজ প্রণালিকে ঘিরে চলমান অচলাবস্থার অবসানে আলোচনায় উল্লেখযোগ্য অগ্রগতি না হওয়া এবং সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কা এখনো বহাল রয়েছে। এসব ঝুঁকির কারণে আন্তর্জাতিক বাজারে তেলের দাম আরও বড় পরিসরে কমতে পারেনি।